

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১

খোয়াই, ৮ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

খোয়াই মহকুমায় স্ট্রং রুম পরিদর্শনে সাধারণ পর্যবেক্ষক

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের নির্বাচন খোয়াই মহকুমায় সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের সাধারণ পর্যবেক্ষক ভাস্কর কাটমানেনি খোয়াই মহকুমা কার্যালয়ের স্ট্রং রুম পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি মহকুমার নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। সাধারণ পর্যবেক্ষকের স্ট্রং রুম পরিদর্শনের সময় সঙ্গে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চান্দনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক কেশব কর, মহকুমা শাসক মেঘা জৈন প্রমুখ।
